

“বাংলা নববর্ষ ১৪২৫” উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ খালেদ রহীম
জেলা প্রশাসক, নীলফামারী
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
তারিখ ও সময় : ০৪ এপ্রিল ২০১৮ খ্রিঃ বেলা ০৩.৩০ টা

উপস্থিত কর্মকর্তা/বিশিষ্ট ব্যক্তিবর্গের নাম, পদবী স্বাক্ষরের ক্রমানুসারে পরিশিষ্ট-ক তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সূচনা বক্তব্যে জেলা প্রশাসক বলেন যে, বাঙালি সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ হিসেবে আবহমান কাল ধরে সার্বজনীন ও অসাম্প্রদায়িক উৎসব হিসেবে ০১ বৈশাখ পালিত হচ্ছে। নতুন বছর বরণের নানা আয়োজনের মধ্যে মঙ্গল শোভাযাত্রা “Intangible Cultural Heritage” হিসেবে UNESCO এর তালিকাভুক্তির মাধ্যমে বিশ্বজনীন স্বীকৃতি অর্জন করেছে। বর্ষবরণ উৎসবের প্রসারের মধ্য দিয়ে বাংলাদেশের অসাম্প্রদায়িক পরিচিতি আরো দৃঢ় হবে। এ পর্যায়ে জাতীয় কর্মসূচির আলোকে এ জেলায় উদ্‌যাপনের খসড়া উপস্থাপনের জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারীকে আহ্বান জানান হয়।

উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী বাংলা নববর্ষ ১৪২৫ উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২৫ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এবং বিগত বছর ১৪২৪ বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচি সভায় পাঠ করে শোনান। এর আলোকে জেলা/উপজেলায় পহেলা বৈশাখ মঙ্গল শোভাযাত্রাসহ বর্ষবরণ উৎসবের আয়োজন করতে হবে এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ উদ্‌যাপন করতে হবে। সভায় বিভিন্ন কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিগণ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে মতামত ব্যক্ত করেন।

অতঃপর জাতীয় কর্মসূচির আলোকে সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে “বাংলা নববর্ষ ১৪২৫” যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপন উপলক্ষে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
০১	০১ বৈশাখ ১৪২৫ ১৪ এপ্রিল ২০১৮ সকাল ০৮.৩০টা	সকল শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংগঠন, প্রতিষ্ঠানসহ সর্বস্তরের জনসাধারণের অংশগ্রহণে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা	কালেক্টরেট স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণস্থ বৈশাখী চত্বর হতে শুরু হয়ে শহর প্রদক্ষিণ শেষে একই স্থানে সমাপ্ত	সংশ্লিষ্ট উপ-কমিটি
০২	সকাল ০৯.০০টা	ঐতিহ্যবাহী বাঙালি খাবার পরিবেশন	কালেক্টরেট স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণস্থ বৈশাখী চত্বর	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৩	সকাল ০৯.১৫টা	গ্রামীণ মেলা-শিশু আনন্দ মেলা	ঐ	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৪	সকাল ০৯.৩০টা	আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	ঐ	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৫	সকাল ১০.৩০টা	শিশুদের রচনা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও খেলাধুলা	ঐ	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৬	বেলা ১১.৩০ টা	পুরস্কার বিতরণী	ঐ	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৭	সুবিধাজনক সময়ে	কারাগার, হাসপাতাল ও শিশু পরিবারে (এতিমখানা) উন্নতমানের ঐতিহ্যবাহী বাঙালি খাবারের ব্যবস্থা গ্রহণ। শিশু পরিবারের শিশুদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, কারা বন্দিদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন এবং কয়েদিদের তৈরী বিভিন্ন দ্রব্যাদির প্রদর্শনী	স্ব স্ব প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণ
০৮	সুবিধাজনক সময়ে	সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব প্রতিষ্ঠানে মঙ্গল শোভাযাত্রাসহ জাঁকজমকপূর্ণভাবে বাংলা নববর্ষ উদ্‌যাপন	স্ব স্ব প্রতিষ্ঠান	শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ
০৯	বেলা ০৩.০০- ০৪.৩০ টা	কাবাডি, লাঠি খেলা ও ঘুড়ি উড়ানো প্রতিযোগিতা	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ (বড় মাঠ)	সংশ্লিষ্ট উপ-কমিটি

